

সাম্প্রতিক অর্জনঃ

উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, শ্রীমঙ্গল এর সিটিজেন চার্টার ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মকর্তা কর্মচারীগণের বেতন বিলসহ অন্যান্য আনুষংগিক বিলসমূহ যথাসময়ে নিষ্পত্তি করা হচ্ছে। জাতীয় বেতন স্কেল-২০১৫ এর আওতায় হিসাবরক্ষণ অফিসসমূহ কর্তৃক অদ্যাবধি প্রায় ৩ হাজার সরকারী চাকুরিজীবীর বেতন এবং প্রায় ১২ শত পেনশনভোগীর পেনশন Online এ নির্ধারণ করা হয়েছে। উপজেলা হিসাবরক্ষণ কার্যালয়ের আওতাধীন-এ বর্তমানে ১০০ ভাগ সরকারী কর্মকর্তার বেতন ভাতা বিল অনলাইনে দাখিল কার্যক্রমের আওতায় আনা হয়েছে। এছাড়া সরকারী কর্মকর্তা ও কর্মচারীর বেতন ভাতা Electronic Fund Transfer (EFT) পদ্ধতিতে পরিশোধ কার্যক্রমও ১০০ ভাগে উন্নিত করা হয়েছে। EFT পদ্ধতিতে ১০০ ভাগ পেনশনভোগীর পেনশন তাদের স্ব স্ব ব্যাংক একাউন্টে পরিশোধ করা হচ্ছে এবং পেনশনারদের Life Verification “Pensioner Verification” Apps এর মাধ্যমে করা হচ্ছে। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, শ্রীমঙ্গল এ ১০০ ভাগ কর্মকর্তা কর্মচারীগণের জিপিএফ ব্যালেন্স হালনাগাদ পূর্বক iBAS++ এ আপলোড এবং এপ্রুভ করা হয়েছে। তাছাড়াও গেজেটেড/নন-গেজেটেড কর্মকর্তা/কর্মচারীদের Leave Entry, GPF Advance Bill Online, GFP Final Payment Authority অনলাইনে Approved ও পরিশোধ করা হচ্ছে।